

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়  
প্রশাসন-১ শাখা

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক সভা  
আয়োজিত/প্রতিবেদন প্রেরণ বিষয়ে ২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : শামিমা বেগম  
যুগ্মসচিব (প্রশাসন)  
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়  
তারিখ : ১০ ডিসেম্বর, ২০২৩  
সময় : বেলা ০৩:০০ ঘটিকা  
স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ ও জুম অ্যাপ  
উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় অধিদপ্তর/সংস্থার কর্মকর্তাগণ (ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা) অনলাইন প্ল্যাটফর্ম (জুম অ্যাপ) এ অংশগ্রহণ করেন। মন্ত্রণালয়ের কর্মকর্তাগণ সরাসরি অংশগ্রহণ করেন। আলোচনার শুরুতেই সভাপতির অনুমতিক্রমে এ মন্ত্রণালয়ের প্রশাসন শাখা-১ এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সভাকে জানান যে, সেবা প্রদান প্রতিশ্রুতি আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন করে আয়োজিত সভা/প্রতিবেদন প্রেরণ করার জন্য লক্ষ্যমাত্রা রয়েছে। সে লক্ষ্যে অদ্যকার সভার আয়োজন করা হয়েছে।

## ১. আলোচনা:


১.১ সভাপতির অনুমতিক্রমে প্রশাসন-১ শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং এ সংক্রান্ত কমিটির সদস্য সচিব/বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভায় অবহিত করেন যে, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের যুগ্মসচিব (প্রশাসন)-কে সভাপতি/ফোকাল পয়েন্ট করে গত ২৮ আগস্ট ২০২৩ তারিখে সেবা প্রদান পরিবীক্ষণ কমিটি গঠন করা হয়। সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২০২৩-২৪ অর্থবছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে আয়োজিত সভা/প্রতিবেদন প্রেরণে কমিটির সভা করার বিধান রয়েছে। সে লক্ষ্যে অদ্যকার সভা আয়োজন করা হয়েছে। কমিটির সদস্য সচিব/বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভায় জানান যে, এ মন্ত্রণালয়ের সিটিজেন চার্টার হালনাগাদ করা হয়েছে, শীঘ্রই তা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হবে এবং আগামী মাসের ১ম সপ্তাহে এ বিষয়ে প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হবে।

১.২ সভাপতির অনুমতিক্রমে সভায় পর্যায়ক্রমে দপ্তর/সংস্থার প্রতিনিধিগণ সভায় উপস্থাপন করেন যে তাদের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করা হয়েছে এবং হালনাগাদকৃত সিটিজেন চার্টার সভায় উপস্থাপন করেন। এ মন্ত্রণালয়ের অধিদপ্তর/সংস্থার প্রতিনিধিগণ অনলাইনে যুক্ত থেকে সভায় অংশগ্রহণ করে সভাকে অবহিত করেন যে তাদের সিটিজেন চার্টার হালনাগাদ রাখা হয়েছে যা সভায় প্রদর্শন করা হয়। দপ্তর/সংস্থার প্রতিনিধিগণ সভায় আরো উপস্থাপন করেন যে ২য় ত্রৈমাসিক প্রতিবেদন দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। মন্ত্রণালয় হতে তা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা যেতে পারে। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত/সুপারিশ গৃহীত হয়:

## ২। সিদ্ধান্ত:

(ক)	মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক ত্রৈমাসিকভিত্তিতে সিটিজেন চার্টার হালনাগাদপূর্বক প্রমাণক মন্ত্রণালয়ের মাধ্যমে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।
(খ)	মন্ত্রণালয়সহ আওতাধীন দপ্তর/সংস্থার হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) এর বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক অবহিতকরণ প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।

০৩। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(শামিমা বেগম) ২০২৩  
যুগ্মসচিব (প্রশাসন)

স্মারক নম্বর- ২২.০০.০০০০.০৫১.১৬.০০৭.২২. ৭৩৯

তারিখ: ০৬ পৌষ ১৪৩০  
১৬ ডিসেম্বর ২০২৩

**সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

**মন্ত্রণালয়:**

- ১। উপসচিব (পরিবেশ-৩ শাখা), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
- ২। উপসচিব (বন-১ শাখা), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
- ৩। উপসচিব (পরিচালনা-৬), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
- ৪। উপসচিব (পদুনি-১ শাখা), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
- ৫। উপসচিব (প্রশাসন-১ শাখা), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
- ৬। সিস্টেম এনালিস্ট, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।

**অধিদপ্তর/সংস্থা:**

- ১। চেয়ারম্যান, বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।
- ২। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট, মহাখালী, ঢাকা।
- ৩। মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৪। চেয়ারম্যান, বাংলাদেশ রাবার বোর্ড, ই-১০-১৩, এমএকে খলিল সড়ক, বিএফআরআই, ষোলশহর, চট্টগ্রাম।
- ৫। পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), (অতিরিক্ত সচিব), বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম, মিরপুর, ঢাকা।
- ৬। পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), (যুগ্মসচিব), বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট, ষোলশহর, চট্টগ্রাম।
- ৭। প্রধান বন সংরক্ষক (চলতি দায়িত্ব), বন অধিদপ্তর, বন ভবন, আগারগাঁও, ঢাকা।

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:**

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
- ২। যুগ্মসচিব (প্রশাসন), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
- ৩। সচিবের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।